



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**তুলা উন্নয়ন বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম ১.১.১ বিষয়ে অভিযোগ না আসায়
ষ্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

সভাপতি	ড. মো: ফখরে আলম ইবনে তাবিব নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	২০/০৬/২০২৪ খ্রিঃ
সভার সময়	দুপুর ০২.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বলেন যে, তুলা উন্নয়ন বোর্ড-এর সকল কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব তুলা উন্নয়ন বোর্ডকে এগিয়ে নিয়ে যাওয়া। সভার শুরুতে তুলা উন্নয়ন বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আলোকে সকল কর্মসম্পাদন সূচকের বিষয়ে আলোচনা করা হয়। অতপর অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং GRS সফটওয়্যারের পরিচিতি তুলে ধরা হয়। বিস্তারিত আলোচনার পর ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব, নির্বাহী পরিচালক মহোদয় উপস্থিত সকল অংশীজনকে মুক্ত আলোচনার জন্য অনুরোধ করেন।

২। এরপর মোঃ আব্দুল বারেক, তুলা চাষী, ধামরাই মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন, তিনি হাইব্রীড তুলার চাষ করেন। তুলা যখন উত্তোলন হয় ঐ সময় টাকার সমস্যা থাকে, যা তিনি তুলা বিক্রয়ের মাধ্যমে পেয়ে থাকেন। তিনি তুলার সাথে লালশাক চাষ করেন। লালশাক বিক্রয়ের মাধ্যমে তার চাষের খরচ হয়ে যায়। এছাড়া তিনি তুলা থেকে এককালীন টাকা পেয়ে থাকেন। এবছর তার তুলার ফলন ১৬ মণ/বিঘা।

৩। এরপর মোঃ আবুল কালাম, তুলা চাষী, কেলিয়া মুক্ত আলোচনায় অংশ নেন। এবছর তিনি ২ বিঘা জমি থেকে ২৫ মণ তুলা পেয়েছেন। তিনি তুলার সাথে সাথী ফসল হিসেবে লালশাক ও সবুজশাক চাষ করেন। যা বিক্রয়ের মাধ্যমে তার চাষের খরচ হয়ে যায়।

৪। এরপর জিনার এসোসিয়েশন থেকে জনাব সাবের হোসেন লাল মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন আমদানী করা তুলায় অগ্রীম কর দিতে না হলেও দেশের তুলার ক্ষেত্রে দিতে হয়। এলসি এর এই বিষয়টি নজরে দেওয়ার প্রার্থনা করেন। তিনি আশা করেন যদি ২ লক্ষ হেঃ জমিতে তুলা আবাদ সম্ভব হয় তাহলে ৩০ লক্ষ বেল তুলা উৎপাদন সম্ভব। সেক্ষেত্রে তুলার উপজাত হিসেবে যে তেল ও খৈল উৎপাদন হবে তা থেকে বিপুল পরিমাণে আমদানী খরচ কমানো সম্ভব হবে। তিনি দেশের অর্থনীতির উন্নয়নের জন্য তুলা খাতে বড় বিনিয়োগের আশা করেন।

৫। এরপর সুপ্রীম সিড থেকে জনাব ইব্রাহীম খলিল মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন বাংলাদেশে চাষকৃত ফসলের মধ্যে সবচেয়ে লাভজনক ফসল হচ্ছে তুলা। কৃষককে অধিক লাভবান করতে হলে তুলার সম্প্রসারণ প্রয়োজন।

৬। এরপর বাংলাদেশ তাঁত বোর্ড থেকে সাবেক প্রকল্প পরিচালক জনাব আইয়ুব আলী মুক্ত আলোচনায় অংশ নেন। তিনি বলেন তুলা উন্নয়ন বোর্ড ও রাজশাহী বিশ্ববিদ্যালয় ফুটি কার্পাসের চাষাবাদের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। দেশে ও দেশের বাইরে মসলিনের অনেক চাহিদা। মসলিনের কাঁচামাল ফুটি কার্পাসের চাষাবাদের জন্য তিনি তুলা উন্নয়ন বোর্ড এর সহযোগিতা কামনা করেন।

উপস্থিত সকলে তুলা উন্নয়ন বোর্ড-এর কাজের প্রশংসা করেন এবং অভিযোগ করার পদ্ধতি এর সিস্টেমের প্রশংসা করেন। সভায় আর কোন বিষয়

আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্ত ঘোষণা করেন।



৩০-০৬-২০২৪

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

নম্বর: ১২.০৭.০০০০.১০১.২৭.০৩৫.১৭.১৭২

১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড (সদর দপ্তর)।;
- ২। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল);
- ৩। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল);
- ৪। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা (সকল);
- ৫। জীনার এসোসিয়েশন.....;
- ৬। বীজ কোম্পানী..... এবং
- ৭। স্পিনীং মিল.....।



৩০-০৬-২০২৪

সুবীর কুমার বিশ্বাস
তুলা উন্নয়ন কর্মকর্তা